

অধ্যক্ষের কার্যালয়

দনিয়া কলেজ, ঢাকা-১২৩৬

তারিখ : ০৫/০২/২০২৫

নোটিশ

দনিয়া কলেজের স্নাতক শ্রেণির সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে, কতিপয় শিক্ষার্থী ক্যাম্পাসে কলেজ আইডি কার্ড ধারণ করছে না বিধায় প্রকৃত শিক্ষার্থী সনাক্তকরণ এবং বহিরাগতদের অবৈধ অনুপ্রবেশ নিয়ন্ত্রন সম্ভব হচ্ছে না। ইতোমধ্যে কিছু অনাকাঙ্খিত ঘটনায় কলেজের একাডেমিক কার্যক্রম ও নিরাপত্তায় বিঘ্নতাসহ প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। পরিস্থিতি বিবেচনায় কলেজ ক্যাম্পাস বর্তমানে সার্বক্ষনিকভাবে সিসি ক্যামেরা দ্বারা পর্যবেক্ষণের আওতাধীন।

অতএব, শৃংখলা রক্ষার স্বার্থে সকলকে ক্যাম্পাসে সার্বক্ষনিক কলেজ আইডি কার্ড ধারণ করে ভর্তিকালীন অঙ্গীকার মেনে চলার জন্য নির্দেশ দেয়া হলো। অন্যথায় শৃংখলা পরিপন্থি কাজে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।


(জুয়েলা জেবুননেসা খান)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

দনিয়া কলেজ, ঢাকা-১২৩৬।

জুয়েলা জেবুননেসা খান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
দনিয়া কলেজ, ঢাকা-১২৩৬